দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 09 APR 2017।
পৃষ্ঠা ৮ কলাম ২

# এমপিওভুক্ত হয়েও শিক্ষকরা তিন বছর ধরে বেতনভাতা পাচ্ছেন না

বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে বিএম শাখায় এমপিওভুক্ত কলেজসমূহে সরকারি অনুমোদনপ্রাপ্ত বিষয়সমূহের নিয়োগবিধি ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিয়োগ ও বাছাই কমিটির সুপারিশ অনুযায়ী নিয়োগপ্রাপ্ত হয়েও শত শত শিক্ষক গত প্রায় তিন বছর ধরে কোনো বেতনভাতা পাচ্ছেন না। এই হতভাগ্য শিক্ষকদের মধ্যে আমিও একজন। ১৩-৭-১৪ তারিখে নিয়োগপত্র পেয়ে ১৪-৭-১৪ তারিখে একটি কলেজে প্রভাষক পদে যোগ দেই। অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, এখন পর্যন্ত আমি কোনো বেতনভাতা পাইনি। এ ব্যাপারে কারিগরি শিক্ষা অধিদপ্তরে যোগাযোগ করলে অত্যন্ত অসম্মানজনক আচরণ করা হয়ে থাকে। চাকরি পাওয়ার জন্য আমাকে কলেজ উন্নয়ন তহবিলে প্রায় ৩ লাখ টাকা দিতে হয়েছিল যা আমি অনেক কষ্টে সংগ্রহ করেছিলাম। চাকরি করেও বেতন না পাওয়ায় পরিবারে ও সমাজে আমাকে অসহায় জীবন-যাপন করতে হচ্ছে। পরিশেষে, আমরা যাতে বেতনভাতা পেয়ে আমাদের মানবেতর জীবন থেকে মুক্তি পেতে পারি, সেজন্য আশু ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সনির্বন্ধ আবেদন জানাচ্ছি।

**একজন ভুক্তভোগী শিক্ষক**